২৫/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৫ কলাম ... ৫ ...

দৈনিক ইনকিলাব

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের পদত্যাগ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলা রক্ষার দায়িত্বপ্রাপ্ত ডঃ রুহুল কুদ্দুস মোঃ মালেক গত রবিবার পদত্যাগ করেছেন। ব্যক্তিগত বিভিন্ন সমস্যা থাকার কারণে উল্লেখ করে তিনি গতকাল ভিসি প্রফেসর মুঃ লুৎফর রহমানের অফিসে তার পদত্যাগপত্র জমা দেন। প্রক্টরের পদত্যাগের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের আরও একটি গুরুত্বপূর্ণ দপ্তর শূন্য হল। ইতিপূর্বে গত দুইমাস যাবৎ বিশ্ববিদ্যালয়ের অন্যতম গুরুত্বপূর্ণ দপ্তর ট্রেজারের মেয়াদ শেষ হয়ে যাওয়ার মাধ্যমে শূন্য হয়ে যায়। একই কারণে ছাত্র উপদেষ্টার পদটিও শূন্য রয়েছে। এসকল গুরুত্বপূর্ণ পদখালি থাকার কারণে বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম প্রায় স্থবির হয়ে পড়েছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর লুৎফর রহমানকে আগামী ৩০ তারিখের মধ্যে অপসারণের জন্য গ্রীণ ফোরাম ও জিয়া পরিষদের শিক্ষকবৃন্দের সরকারের নিকট আল্টিমেটাম প্রদানের প্রেক্ষিতে তিনি শুধুমাত্র রুটিন ওয়ার্ক ছাড়া অন্যান্য কার্যক্রম বন্ধ রেখেছেন।